

বিকেএসপিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্মবার্ষিকী পালিত

আজ ১৭ মার্চ, সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্মবার্ষিকী। বাঙালি জাতির জীবনের এক মাহেন্দ্রক্ষণ। ১৯২০ সালের এই দিনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেছিলেন। বিংশ শতাব্দির উত্তাল সময়ে শত প্রতিকূলতার মধ্যেও তিনি তাঁর সংগ্রামী জীবন অতিবাহিত করেছেন এক অভিস্ট লক্ষ্যকে সামনে রেখে, আর তা ছিলো বাঙালির স্বাধীনতা। বঙ্গবন্ধুর নেতৃত্বে আজ আমরা স্বাধীন পেয়েছি পতাকা, রাষ্ট্র ও সার্বভৌমত্ব।

বিকেএসপিতে প্রতিবারের মত এবারও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি সকালে বিকেএসপিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর মহাপরিচালক বিকেএসপি'র অডিও ভিজুয়াল সেন্টারে আয়োজিত আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তারা বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক জীবন ও ক্রীড়াপ্রেমী মুজিবের আদ্যপাদ্য আলোচনা করেন। দুপুরে বাদ যোহর মুজিব ও তাঁর পরিবারের সকল শহিদ সদস্যদের আত্মার শান্তি ও মাগফেরাৎ কামনা করে বিশেষ দোয়া করা হয়। বিকেএসপি'র আঞ্চলিক শাখা গুলোতেও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস একই কর্মসূচি অনুসরণ করে পালন করা হয়।

